বুধবার দিনভর ইন্দ্রনীল সেনকে জেরা ইডির

উজ্জ্বল দত্ত, কলকাতা : মঙ্গলবার নিজের বাড়ির পাশাপাশি আত্মীয় ও পরিচিতদের বাড়িতেও ১৬ ঘণ্টা তল্লাশি অভিযানের পর বুধবার সিজিও কমপ্লেক্সে রাজ্যের প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেনকে তলব করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বুধবার সকাল ১১টা নাগাদ সল্টলেকের সিজিও কমপ্লেক্সে পৌঁছে যান মমতা ঘনিষ্ঠ প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেন। এদিন সাড়ে ৯ ঘণ্টা জেরার পর ইডি দফতর থেকে বেরিয়ে আসেন প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেন। উল্লেখ্য, দুর্গাপুজোয় ভুয়ো পাস বিক্রি করে কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। আরো অভিযোগ, দুর্গাপুজো নিয়ে বেআইনিভাবে ব্যবসা করেছিলেন ইন্দ্রনীল সেন ও তাঁর স্ত্রী মধুছন্দা সেন। তাঁদের বিরুদ্ধে কোটি কোটি টাকার দুর্নীতির অভিযোগ করেন জয়দীপ মুখোপাধ্যায়। তাঁর অভিযোগের ভিত্তিতে আগে বৌবাজার থানায় এফআইআর দায়ের হয়। জয়দীপ মুখোপাধ্যায় অভিযোগ করেন, দুর্গাপুজোর নামে ১টি 'প্রিভিউ শো' ও 'প্রিভিলেজড পুজো এন্ট্রি' টিকিট বিক্রির উদ্যোগ শুরু হয়, যেখানে ইউনেস্কোর নাম ব্যবহার করে সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরি করা হয়েছে। অভিযোগে বলা হয়েছে, এই কর্মসূচিকে এমন ভাবে প্রচার করা হয়েছে যাতে মনে হতে পারে এর সঙ্গে সরাসরি ইউনেস্কোর অনুমোদন বা অংশীদারি রয়েছে। কিন্তু অভিযোগকারীদের দাবি, ইউনেস্কো কোনও দিনই এ ধরনের বাণিজ্যিক চুক্তি বা অংশীদারিতে সম্মতি দেয়নি।

আচার্য প্রফুল্লচন্দ্র কলেজে স্বাস্থ্য সচেতনতা শিবির

অলক আচার্য, নব বারাকপুর : মঙ্গলবার ও বুধবার নব বারাকপুরের আচার্য প্রফুল্লচন্দ্র কলেজের টিচার্স কাউন্সিলের উদ্যোগে কলেজ ক্যাম্পাসের হেলথ রুমে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও সচেতনতা শিবির হয়। সহযোগিতায় ছিল মধ্যমগ্রাম নুকেয়ার সিটি স্ক্যান অ্যান্ড স্পেশালিটি ক্লিনিক ডায়গানেস্টিক সেন্টার। কলেজের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মীরা শিবিরে অংশ নেন। ছিলেন অধ্যক্ষ ড. সুগত সেন, টিচার্স কাউন্সিলের অধ্যাপক আশিস মুখোপাধ্যায়।

তারকেশ্বরে প্রধানমন্ত্রীর সভার জন্য দেওয়া জমি ফেরাতে আন্দোলনে চাষিরা

অমিত চৌধুরী, হুগলি : পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে এবছরের ২০ জুন প্রধানমন্ত্রী তারকেশ্বরে এসেছিলেন। এই অনুষ্ঠানের জন্য তারকেশ্বর বালিগড়ি-১ পঞ্চায়েতের বাওনারপাড়ে প্রায় ২৫০জন চাষি ৩০০ বিঘা তিন ফসলি জমি দিয়েছিলেন। জমির ওপর ফেলা হয়েছে প্রায় ৫ ফুট পাথর গুঁড়ো। বুধবার সেই জমিতে ফের পাথর ফেলার চেষ্টা হয়। এদিন চাষের জমি চাষের উপযুক্ত অবস্থায় ফিরিয়ে দিতে আন্দোলন শুরু করেন চাষিরা। চাষের জমি ফিরে পেতে গড়া হয়েছে 'তারকেশ্বর বাওনারপাড় ভূমিরক্ষা কমিটি'। তারকেশ্বর ঢোকার মূল রাস্তার পাশে তিন ফসলি মূল্যবান জমি। চাষিদের অভিযোগ, 'পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী আসবেন শুনে আমরা জমি দিতে রাজি হয়েছিলাম। ভেবেছিলাম একদিনের অনুষ্ঠানের পরে ফেরত পাওয়া যাবে জমি। কথা হয়েছিল বাদাম, তিল সহ অন্যান্য ফসলের ন্যায্য ক্ষতিপূরণ দিয়ে দেওয়া হবে। ৩০% চাষি বাদাম চাষের ক্ষতিপূরণ পাননি। ধান চাষ করতে পারেননি। জমির ওপর প্রায় ৫ ফুট পাথরের গুঁড়ো ফেলা হয়েছে ফলে চাষের জমির চরিত্র পরিবর্তন হয়েছে। বিধায়ক সন্তু পানের সঙ্গে দেখা করতে গেলে দেখা পাই না। প্রশাসনের দুয়ারে দুয়ারে ঘুরছি।' এনিয়ে তারকেশ্বরের বিধায়ক সন্তু পান জানান, '২৬ নং রাস্তার মেরামতির কাজের জন্য পাথর ভুলবশত ওই জায়গায় নিয়ে চলে যায় লরির চালকরা। ওই জায়গায় কোন পাথর পড়ছে না। ধান চাষের ক্ষতিপূরণ দেওয়া শুরু হচ্ছে। আলু চাষের আগে জমি আগের অবস্থায় ফিরিয়ে দিতে না পারলে আলু চাষের ক্ষতিপূরণও দেওয়া হবে।'

২ টোটোর রেষারেষিতে প্রাণ গেল বৃদ্ধার

প্রদীপকুমার সিংহ, বারুইপুর : মঙ্গলবার রাতে বারুইপুরের থানার যোগীবটতলা এলাকায় ২টি টোটোর মধ্যে রেষারেষির জেরে পথদুর্ঘটনায় মারা যান বৃদ্ধা সবিতা হালদার (৬৫)। মৃতার বাড়ি বারুইপুরের খাসমল্লিকে। জানা গেছে, ওষুধ কিনে বাড়ি ফেরার পথে রাস্তা দিয়ে যাওয়ার সময় আচমকা একটি টোটো নিয়ন্ত্রণ হারিয়ে পিছন দিক থেকে সবিতা হালদারকে ধাক্কা মারে। রাস্তায় পড়ে গিয়ে তিনি জখম হন। স্থানীয়রা জানান, ওই সময় ২টি টোটোর মধ্যে রেষারেষি চলছিল। বৃদ্ধাকে বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে তিনি সেখানেই মারা যান।

রাজ্যে বিনিয়োগ করতে শিল্পপতিরা এখন আগ্রহ দেখাচ্ছেন : শিল্পমন্ত্রী

অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল : খনি এলাকায় কর্মসংস্থানের গতি আনতে মঙ্গলবার বিকেলে পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তিওয়ারির উদ্যোগে ইসিএলের পাণ্ডবেশ্বরের বাঁকোলা এরিয়ার গুলমোহর ক্লাবে ইন্ডাস্ট্রি অ্যান্ড ইনভেস্টমেন্ট কনক্লেভ সভায় আসেন রাজ্যের শিল্পমন্ত্রী তাপস রায়। তিনি সেখানে অভিযোগ করেন, 'রাজ্যে শিল্পের পরিবেশ ছিল না। বাম আমলে আন্দোলনের নামে জঙ্গিপনা আর তৃণমূল আমলে সিন্ডিকেটের কারণে শিল্পপতিরা বাংলা ছেড়েছিলেন। তাই গত ৪৯ বছরে এই রাজ্যে কোনো শিল্প গড়ে উঠেনি। বিজেপি সরকার ক্ষমতায় আসার পর শিল্পের পরিবেশ বদলাতে শুরু করেছে।' তিনি আরো বলেন, 'শহরকেন্দ্রিক শিল্পের পরিবর্তে রাজ্যের নানা এলাকায় শিল্প ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন প্রজন্মের কর্মসংস্থানের জন্য শিল্প স্থাপন জরুরি।' এদিন অনুষ্ঠানে ছিলেন শিল্প প্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস, জেলাশাসক এস পোন্নমবলম, পুলিশ কমিশনার প্রণব কুমার। এদিন শিল্প প্রতিমন্ত্রী বলেন, 'শিল্প ও শিল্পপতিদের নিরাপত্তা নিশ্চিত হওয়ায় রাজ্যে বিনিয়োগের পরিবেশ তৈরি হয়েছে। আগামী দিনে এর সুফল রাজ্যবাসী পাবেন।' অন্যদিকে, বিধায়ক জিতেন্দ্র তিওয়ারি জানান, 'পাণ্ডবেশ্বরে শিল্প স্থাপনে এরমধ্যেই প্রায় এক হাজার কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে। ১ মাসের মধ্যেই প্রায় ১০জন শিল্পপতি পাণ্ডবেশ্বরে শিল্প স্থাপনে আগ্রহ দেখাচ্ছেন। সড়ক ও রেল যোগাযোগ, তুলনামূলক কম দামে জমি আর দক্ষ শ্রমিকের উপস্থিতির কারণে শিল্পপতিরা পাণ্ডবেশ্বরে বিনিয়োগে আগ্রহ দেখাচ্ছেন। আগামী এক বছর পর শিল্প স্থাপন ও বিনিয়োগের বিস্তারিত তথ্য জানিয়ে শ্বেতপত্র প্রকাশ করা হবে।'

মন্ত্রীর অফিসে হামলার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : মঙ্গলবার গভীর রাতে রাজ্যর তথ্য ও সংস্কৃতি দফতরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তীর সেন্ট্রাল অ্যাভিনিউয়ের অফিসে হামলা চালায় দুষ্কৃতীরা। বুধবার সকালে বিজেপি কর্মীরা এসে দেখেন, পার্টি অফিসের সামনে ব্যানার-পোস্টার ছেঁড়া হয়েছে। হামলা চলেছে অফিসেও। এই ঘটনায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের দিকে অভিযোগের আঙুল তুলেছেন পূর্ণিমা চক্রবর্তী। বড়তলা থানায় এই ঘটনার অভিযোগ দায়ের করা হয়েছে। এলাকার সিসিটিভি ফুটেজ দেখে দুষ্কৃতীদের চিহ্নিত করার চেষ্টা করছে পুলিশ।

আসানসোলের সাইকেল কারখানা খোলার অপেক্ষায় শ্রমিকরা

রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল : রাজ্যে তৈরি হবে সাইকেল-শুভেন্দু অধিকারীর বক্তব্যের পর নতুন করে আশায় ৫০ বছর ধরে বন্ধ থাকা আসানসোলের সেন র‍্যালের শ্রমিকরা। একসময় গোটা দেশে সাইকেল সরবরাহ করত আসানসোলের কন্যাপুরের সেন র‍্যালের সাইকেল কারখানা। অথচ ৫০ বছর ধরে বন্ধ হয়ে পড়ে রয়েছে এই কারখানা। কারখানা আবার খুলবে কিনা, তা নিয়ে এখনো সংশয় রয়েছে প্রাক্তন শ্রমিকদের মধ্যে। তবে রাজ্যে ছাত্রছাত্রীদের জন্য সাইকেল তৈরির কথা সামনে আসতেই নতুন করে আশার আলো দেখছেন কারখানার প্রাক্তন কর্মীরা। কারখানার ট্রান্সপোর্ট বিভাগে কাজ করা প্রাক্তন কর্মী সুরেন্দ্র কুমার সিং জানান, কারখানা যদি আবার চালু হয়, তাহলে খুবই ভালো হবে। তিনি নিজে কারখানার একাধিক বিভাগে কাজ করেছেন ও শেষ পর্যন্ত ট্রান্সপোর্ট বিভাগে ছিলেন। তাঁর দাবি, সেসময় প্রতিদিন প্রায় ১২০০ থেকে ১৪০০টি সাইকেল তৈরি হত। উত্তর ভারত থেকে দক্ষিণ ভারত-দেশের বিভিন্ন প্রান্তে সেই সাইকেল সরবরাহ করা হতো। তাঁরা কাজ করার জন্য প্রস্তুত ছিলেন, কিন্তু কারখানায় কাজই হত না। রাজনৈতিক কারণেই শেষ পর্যন্ত কারখানাটি বন্ধ হয়ে যায় বলে দাবি। এদিকে, রাজ্যে ছাত্রছাত্রীদের দেওয়া সাইকেল আর বাইরে থেকে না কিনে রাজ্যের মধ্যেই তৈরি করার কথা বলেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর এই বক্তব্যের পরেই নতুন করে আশার সঞ্চার হয়েছে কন্যাপুরের বন্ধ সেন র‍্যালে কারখানার প্রাক্তন শ্রমিকদের মধ্যে। কন্যাপুর কোয়ার্টারে বসবাসকারী এক প্রাক্তন শ্রমিক বলেন, এই কারখানাতেই যদি সাইকেল তৈরি হয় ও স্থানীয়দের কর্মসংস্থান হয়, তাহলে তার থেকে ভালো আর কিছু হতে পারে না। তিনি দাবি করেন, এলাকার অনেক পরিবারের ছেলেমেয়েরা কাজের অপেক্ষায় রয়েছেন। কারখানা খুললে প্রথমে স্থানীয়দের সুযোগ দেওয়া উচিত। প্রাক্তন শ্রমিকদের অভিযোগ, অনেকদিন বন্ধ থাকার কারণে কারখানার বিশাল এলাকা বর্তমানে কার্যত জঙ্গলে পরিণত হয়েছে। রাজ্য সরকার নিজেদের প্রয়োজনে পঞ্জাব সহ অন্যান্য রাজ্য থেকে সাইকেল কিনছে। সেই সাইকেল যদি আসানসোলেই তৈরি হয়, তাহলে একদিকে যেমন স্থানীয়দের কর্মসংস্থান হবে, অন্যদিকে সরকারের খরচও কিছুটা কমতে পারে। কতদিনে ফিরবে পুরনো কর্মব্যস্ততা, আপাতত সেই প্রশ্নই ঘুরপাক খাচ্ছে।

বর্ধমান পুরসভার কোষাগার শূন্য রাস্তায় নামলেন পুর প্রশাসকরা

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : বর্ধমান পুরসভার কোষাগারে টাকার অভাবে বন্ধ পেনশন প্রদান। পুরসভার কোষাগারে টাকার জোগান দিতে বুধবার বর্ধমান পুরসভার চেয়ারম্যান পরেশ সরকারের নেতৃত্বে লাইসেন্স বিভাগের আধিকারিক আজাহারউদ্দিন ও ট্যাক্স বিভাগের আধিকারিক সঞ্জয় সাউসহ পুরসভার আধিকারিকরা কার্যত নিরুপায় হয়ে রাস্তায় নামেন। এদিন চেয়ারম্যান জানিয়েছেন, তাঁরা নিরুপায়। তাই বাধ্য হয়ে রাস্তায় নেমেছেন। নাগরিকদের ওপর পুরসভা এতদিন বিশ্বাস আর ভরসা রেখেছিল। কিন্তু দেখা গেল বর্ধমান শহরের অনেক ব্যবসায়ী থেকে সরকারি দফতর তাঁদের বকেয়া কর প্রদানে হাত গুটিয়ে বসে রয়েছে। তাই পুর আধিকারিকরা বাধ্য হয়েছেন রাস্তায় নেমে তাঁদের কর্তব্য মনে করিয়ে দিতে। চেয়ারম্যান জানান, 'বিভিন্ন ব্যবসায়ীর কাছে প্রায় ২০-২২ কোটি টাকা বকেয়া। বছরের পর বছর পুরকর দিচ্ছেন না। পুরকর্মচারীদের মাইনে দিতে হবে। বোনাস দিতে হবে। পেনশন দিতে হবে। আজকে তাঁদের কাছে যাচ্ছি। ৩-৪দিন এটা চলবে। অনেকেই বলেছেন ১০ তারিখের মধ্যে দিয়ে দেবেন। ১০ অক্টোবরের পর নোটিশ দিয়ে সম্পত্তি ক্রোক করব। দরকার পড়লে ২-৪জনকে শিক্ষা দেব।'

পার্থ ভৌমিক নেতা নন, অভিনেতা ক্ষোভ উগরে দিলেন শ্রমিক নেতা

প্রতীতি ঘোষ, বারাকপুর : পুলিশ হেফাজতে থাকা সাংসদ পার্থ ভৌমিকের ঘনিষ্ঠ নৈহাটি শহর আইএনটিটিইউসির সভাপতি বিষ্ণু অধিকারীকে তদন্তের স্বার্থে তাঁর বাড়িতে নিয়ে গিয়ে তল্লাশি চালায় পুলিশ। এই তদন্ত চলাকালীন পার্থ ভৌমিককে নিয়ে ক্ষোভ প্রকাশ করেন শ্রমিক নেতা বিষ্ণু অধিকারী। তিনি বলেন, 'পার্থ ভৌমিক নেতা নন, উনি একজন অভিনেতা। অভিনয়টা খুব ভালো করেন।' প্রসঙ্গত, খুন, তোলাবাজি ছাড়াও মহিলার মাথায় বন্দুক রেখে তাঁর সম্পত্তি নিজের নামে করে নেওয়া সহ একাধিক অভিযোগে ২৪ সেপ্টেম্বর গভীর রাতে বিষ্ণু অধিকারীকে মধ্যপ্রদেশের ইন্দোর থেকে গ্রেফতার করে পুলিশ। পার্থ ভৌমিকের ছায়াসঙ্গী বলে পরিচিত তাঁর বিরুদ্ধে এলাকায় বিজেপি কর্মীদের মারধর করে হাত-পা ভেঙে দেওয়ার পাশাপাশি বিজেপি কর্মীকে খুনের ঘটনায় জড়িত বলেও অভিযোগ রয়েছে।

হাওড়ার স্কুলে মিড-ডে মিলে ছাত্র ও শিক্ষকদের পাতে মাছ-মিষ্টি, পুরস্কৃত রাঁধুনিরা

ভাস্কর বিশ্বাস, হাওড়া : মঙ্গলবার হাওড়ার মধুসূদন পাল চৌধুরী হাই স্কুলে মিড-ডে মিলের খাবারে ছাত্র-ছাত্রীদের সঙ্গে শামিল হয়ে আপ্লুত হয়ে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এরপর রাতেই মুখ্যমন্ত্রীর কার্যালয় থেকে ফোন করে স্কুলের প্রধান শিক্ষককে বিশেষ অভিনন্দন জানানো হয় ও উপহারের কথা ঘোষণা করা হয়। মুখ্যমন্ত্রীর সেই নির্দেশ ও উপহার মেনেই বুধবার বিদ্যালয়ের মিড-ডে মিলে পড়ুয়াদের পাতে পরিবেশন করা হয় সুস্বাদু রুই মাছ ও রসগোল্লা। বিদ্যালয় সূত্রে জানা গেছে, এদিন একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা চলার কারণে সেই ক্লাসের পরীক্ষার্থীরা অনুপস্থিত থাকলেও, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী মিলিয়ে মোট ৮৫০ জনের মতো উপস্থিতি ছিল। সিএম দফতর থেকে প্রাপ্ত নির্দেশিকা ও আয়োজন অনুযায়ী, এই ৮৫০ জন শিক্ষক ও শিক্ষার্থীর প্রত্যেকের জন্য মিড-ডে মিলে স্পেশাল মেনু হিসেবে ১ পিস করে রসগোল্লা আর ১ পিস করে রুই মাছের পদ রান্না করা হয়। বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা সকলে একসঙ্গে বসে এই মিড-ডে মিলের আনন্দ উপভোগ করেন। শুধু ছাত্র-ছাত্রীরাই নয়, এই বিশেষ দিনে সম্মানিত হয়েছেন বিদ্যালয়ের রান্নার দায়িত্বে থাকা রাঁধুনিরাও। রান্নার মান খুবই ভালো হওয়ায় মুখ্যমন্ত্রী ৬ রাঁধুনিকে বিশেষ পুরস্কৃত করার সিদ্ধান্ত নেন। তাঁদের প্রত্যেককে পুজোর উপহারস্বরূপ ১টি করে নতুন শাড়ি আর পুজোর আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

বিজ্ঞপ্তি

১। সালেহার বিবি, স্বামী- মৃত আজিজুর রহমান খান, ২। মহবুর রহমান খান, ৩। মহঃ মসুদুর রহমান খান, ৪। আসরাফুল বিবি, স্বামী- সিরাজুল খান, ৫। মহঃ মকসুদুর রহমান খাঁন, ৬। মুজিবুর রহমান খান, ২ নাগাদ ৬ নম্বরের পিতা- মৃত বসিরুর রহমান খান, ৭। আতাউর খান, পিতা- মৃত মোতালিব হোসেন খাঁ, ৮। আনোয়ার হোসেন খান, পিতা- মৃত সাত্তার আলি খান, ৯। ফরিদা বিবি, স্বামী- আয়ুব হোসেন, ১০। রকিয়া বিবি, স্বামী- মহবুর রহমান খান, ১১। মমতাজ বেগম, স্বামী- মহঃ সেলিম সাহ, ৯ নাগাদ ১১ নম্বরের পিতা-মৃত সাত্তার আলি খান, ১২। জাকিরুর রহমান খান, ১৩। নাবিবুর রহমান খান, ১৪। বদরুদ্দোজা রহমান খান, ১২ নাগাদ ১৪ নম্বরের পিতা- মৃত নাসিরুর রহমান খান, ১৫। সুলতানা খান, স্বামী- আবুল হোসেন খাঁ, ১৬। আলিজা খাতুন বিবি, স্বামী- সফিউদ্দিন মহম্মদ, ১৭। তনুজা বিবি, স্বামী- খয়রুল ইসলাম, সকলের স্থায়ী সাকিম- কাশিপুর, পোষ্ট, থানা, মহকুমা ও এ ডি এস আর অফিস- বোলপুর, জেলা- বীরভূম, পিন-৭৩১২০৪ মহাশয়া-মহাশয়গন ইংরাজী ২০২৬ সালে বোলপুর এ ডি এস আর অফিসে রেজিষ্ট্রিকৃত বুক I-৮৭২১ নম্বর যুক্ত একখণ্ড আমমোক্তার নামা দলিলবলে বোলপুর থানার অন্তর্গত কাশিপুর গ্রাম নিবাসী মইদুর রহমান খাঁন, পিতা- মৃত আজিজুর রহমান খান, মহাশয়কে থানা বোলপুর, জে.এল. ৯৯ নম্বর বোলপুর মৌজায় এল.আর. খতিয়ান ২০৩৭৮, আর.এস. দাগ নং- ৫১১৬, এল.আর. ৬৮৮১ নম্বর দাগের ভূমি বিক্রয়ের ক্ষমতাযুক্তে আমমোক্তার নিয়োগ করিলে তিনি ইংরাজী ২০২৬ সালে বোলপুর এ ডি এস আর অফিসে রেজিষ্ট্রিকৃত ৯০০০ নম্বর যুক্ত একখণ্ড কোবালা দলিলমূলে বোলপুর থানার অন্তর্গত হাটতলা নিবাসী মইনুদ্দিন মণ্ডল পিতা মরহুম সামসুদ্দিন মণ্ডল মহাশয় কে উল্লেখিত আর.এস. দাগ নং ৫১১৬ এল.আর. ৬৮৮১ নম্বর দাগে মোট ০১.৬৫ শতক ভূমি বিক্রয় করেন, উক্ত বিক্রয়ের বিষয়ে বা উক্ত আমমোক্তার এর বিষয়ে কাহারও কোনরূপ আপত্তি বা অভিযোগ থাকিলে নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে আইনি পদক্ষেপ গ্রহন করিতে পারিবেন অন্যথায় উক্ত সম্পত্তিখানি মইনুদ্দিন মণ্ডল মহাশয়ের নামে সংশ্লিষ্ট অফিসে নামপত্তনের দরখাস্ত করিলে কাহারও কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

শ্রীযুক্ত শম্ভুনাথ হাজরা
এ্যাডভোকেট, বোলপুর কোর্ট, বোলপুর, বীরভূম,
ফোন নং- ৯৭৩৪২২৯৯১৯

PUBLIC ANNOUNCEMENT

THIS IS A PUBLIC ANNOUNCEMENT FOR INFORMATION PURPOSES ONLY AND IS NOT A PROSPECTUS ANNOUNCEMENT AND DOES NOT CONSTITUTE AN INVITATION OR OFFER TO ACQUIRE, PURCHASE OR SUBSCRIBE UNDER THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (ISSUE OF CAPITAL AND DISCLOSURE REQUIREMENTS) REGULATIONS, 2018 AS AMENDED ("SEBI ICDR REGULATIONS") NOT FOR RELEASE, PUBLICATION OR DISTRIBUTION DIRECTLY OR INDIRECTLY, OUTSIDE INDIA. INITIAL PUBLIC OFFERING OF EQUITY SHARES OF TENTY LIMITED ON THE MAIN BOARD OF STOCK EXCHANGES, BEING THE BSE LIMITED ("BSE") AND NATIONAL STOCK EXCHANGE OF INDIA LIMITED ("NSE", AND TOGETHER WITH BSE, THE "STOCK EXCHANGES") IN COMPLIANCE WITH CHAPTER II OF THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (ISSUE OF CAPITAL AND DISCLOSURE REQUIREMENTS) REGULATIONS, 2018, AS AMENDED ('SEBI ICDRREGULATIONS").

Tenty

(Please scan this QR Code to view the DRHP and Draft Abridged Prospectus)

TENTY LIMITED

CIN: U36991WB1997PLC085833

The Company was originally incorporated as 'Tenty Marketing Company Private Limited' as a private limited company under the Companies Act, 1956, pursuant to a certificate of incorporation dated November 05, 1997, issued by the Registrar of Companies, West Bengal. Subsequently, pursuant to a board resolution dated December 12, 2022 and special resolution passed by the shareholders of the Company dated December 20, 2022, the name of our Company was changed from 'Tenty Marketing Company Private Limited' to 'Tenty Private Limited' and a fresh certificate of incorporation dated December 28, 2022 was issued by the Registrar of Companies, Kolkata. Further, pursuant to a board resolution dated April 23, 2024 and shareholders' resolution dated May 30, 2024, the Company was converted from private limited company to a public limited company and the name of the Company was changed from 'Tenty Private Limited' to 'Tenty Limited', and a fresh certificate of incorporation dated July 25, 2024 was issued by the Central Processing Centre, Manesar, Haryana. For details of changes in the name and registered office of the Company, see ***'History and Certain Corporate Matters'*** on page 237.

Registered Office: P-69, Kasba Industrial Estate, Phase - II, 2nd Floor, E.K.T. Kolkata - 700107, West Bengal, India.
Contact Person: Sunita Shah, Company Secretary & Compliance Officer
Email: cs@tentylimited.com | **Website:** www.tentylimited.com | **Contact No:** +91 9147111833

PROMOTERS OF OUR COMPANY: ASHOK GOYAL, NISHI GOYAL, KANISHK GOYAL, NEELAM GOYAL, GIRIRAJ RATAN KOTHARI, ASISH KOTHARI, ANIL KAMBOJ AND RANKS FISCALS PRIVATE LIMITED

INITIAL PUBLIC OFFERING OF UP TO 85,86,641 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10 EACH ("EQUITY SHARES") OF TENTY LIMITED (THE "COMPANY" OR THE "ISSUER") FOR CASH AT A PRICE OF ₹ [●] PER EQUITY SHARE (INCLUDING A SHARE PREMIUM OF ₹ [●] PER EQUITY SHARE) (THE "OFFER PRICE") AGGREGATING UP TO ₹ [●] LAKHS (THE "OFFER") COMPRISING A FRESH ISSUE OF UP TO 73,36,641 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10 EACH BY OUR COMPANY AGGREGATING UP TO ₹ [●] LAKHS (THE "FRESH ISSUE") AND AN OFFER FOR SALE OF UP TO 12,50,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10 EACH AGGREGATING UP TO ₹ [●] LAKHS COMPRISING OF AN OFFER FOR SALE OF UP TO 10,00,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10 EACH AGGREGATING UP TO ₹ [●] LAKHS BY RANKS FISCALS PRIVATE LIMITED AND UP TO 2,50,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10 EACH AGGREGATING UP TO ₹ [●] LAKHS BY KANISHK GOYAL("PROMOTER SELLING SHAREHOLDERS") AND SUCH EQUITY SHARES OFFERED BY THE PROMOTER SELLING SHAREHOLDERS, THE "OFFER FOR SALE"). THE OFFER SHALL CONSTITUTE [●]% OF THE POST-OFFER PAID-UP EQUITY SHARE CAPITAL OF THE COMPANY.

THE COMPANY, IN CONSULTATION WITH THE BOOK RUNNING LEAD MANAGER ("BRLM"), MAY CONSIDER AN ISSUE OF SPECIFIED SECURITIES, AGGREGATING UP TO ₹ 5,000 LAKHS, PRIOR TO FILING OF THE RED HERRING PROSPECTUS ("PRE-IPO PLACEMENT"). THE PRE-IPO PLACEMENT, IF UNDERTAKEN, WILL BE AT A PRICE TO BE DECIDED BY THE COMPANY, IN CONSULTATION WITH THE BRLM. IF THE PRE-IPO PLACEMENT IS COMPLETED, THE AMOUNT RAISED PURSUANT TO THE PRE-IPO PLACEMENT WILL BE REDUCED FROM THE FRESH ISSUE, SUBJECT TO COMPLIANCE WITH RULE 19(2)(B) OF THE SCRR. THE PRE-IPO PLACEMENT, IF UNDERTAKEN, SHALL NOT EXCEED 20% OF THE SIZE OF THE FRESH ISSUE. PRIOR TO THE COMPLETION OF THE OFFER, THE COMPANY SHALL APPROPRIATELY INTIMATE THE SUBSCRIBERS TO THE PRE-IPO PLACEMENT, PRIOR TO ALLOTMENT PURSUANT TO THE PRE-IPO PLACEMENT, THAT THERE IS NO GUARANTEE THAT THE COMPANY MAY PROCEED WITH THE OFFER, OR THE OFFER MAY BE SUCCESSFUL AND WILL RESULT INTO LISTING OF THE EQUITY SHARES ON THE STOCK EXCHANGES. FURTHER, RELEVANT DISCLOSURES IN RELATION TO SUCH INTIMATION TO THE SUBSCRIBERS TO THE PRE-IPO PLACEMENT (IF UNDERTAKEN) SHALL BE APPROPRIATELY MADE IN THE RELEVANT SECTIONS OF THE RED HERRING PROSPECTUS AND PROSPECTUS. THE COMPANY SHALL REPORT ANY PRE-IPO PLACEMENT TO THE STOCK EXCHANGES, WITHIN 24 HOURS OF SUCH PRE-IPO PLACEMENT (IN PART OR IN ENTIRETY).

THE FACE VALUE OF EQUITY SHARES IS ₹ 10 EACH AND THE OFFER PRICE IS [●] TIMES THE FACE VALUE OF THE EQUITY SHARES. THE PRICE BAND AND THE MINIMUM BID LOT WILL BE DECIDED BY OUR COMPANY, IN CONSULTATION WITH THE BRLM, AND WILL BE ADVERTISED IN ALL EDITIONS OF [●] (A WIDELY CIRCULATED ENGLISH NATIONAL DAILY NEWSPAPER), ALL EDITIONS OF [●] (A WIDELY CIRCULATED HINDI NATIONAL DAILY NEWSPAPER, AND ALL EDITIONS OF [●] (A WIDELY CIRCULATED BENGALI LANGUAGE DAILY NEWSPAPER, BENGALI BEING THE REGIONAL LANGUAGE OF WEST BENGAL, WHERE OUR REGISTERED OFFICE IS LOCATED), AT LEAST TWO WORKING DAYS PRIOR TO THE BID/OFFER OPENING DATE AND SHALL BE MADE AVAILABLE TO THE STOCK EXCHANGES FOR UPLOADING ON THEIR RESPECTIVE WEBSITES IN ACCORDANCE WITH THE SEBI ICDR REGULATIONS.

In case of any revision in the Price Band, the Bid/Issue Period shall be extended for at least three additional Working Days after such revision of the Price Band, subject to the total Bid/Issue Period not exceeding 10 Working Days. In cases of force majeure, banking strike or similar circumstances, The Company may, for reasons to be recorded in writing extend the Bid/Issue Period for a minimum of One Working Days, subject to the Bid/Issue Period not exceeding 10 Working Days. Any revision in the Price Band, and the revised Bid/Issue Period, if applicable, shall be widely disseminated by notification to the Stock Exchanges by issuing a press release and also by indicating the change on the website of the BRLM and at the terminals of the Members of the Syndicate and by intimation to Self-Certified Syndicate Banks ("SCSBs") other Designated Intermediaries and the Sponsor Banks, as applicable.

The Offer is being made in terms of Rule 19(2)(b) of the SCRR read with Regulation 31 of the SEBI ICDR Regulations. The Offer is being made through the Book Building Process in accordance with Regulation 6(1) of the SEBI ICDR Regulations wherein not more than 50% of the Offer shall be available for allocation on a proportionate basis to Qualified Institutional Buyers ("QIBs") (the "QIB Portion"), provided that our Company, in consultation with the BRLM, may allocate up to 60% of the QIB Portion to Anchor Investors and the basis of such allocation will be on a discretionary basis by our Company, in consultation with the BRLM, in accordance with the SEBI ICDR Regulations (the "Anchor Investor Portion"), of which, 40% shall be reserved in the following manner, (i) 33.33% shall be available for allocation to domestic Mutual Funds, and (ii) 6.67% shall be available for Life Insurance Companies and Pension Funds, subject to valid Bids being received from domestic Mutual Funds, Life Insurance Companies and Pension Funds at or above the Anchor Investor Allocation Price. In the event of under-subscription in (ii) above, the allocation may be made to domestic Mutual Funds. In the event of under-subscription, or non-allocation in the Anchor Investor Portion, the balance Equity Shares shall be added to the QIB Portion (other than Anchor Investor Portion) ("Net QIB Portion"). Further, 5% of the Net QIB Portion shall be available for allocation on a proportionate basis only to Mutual Funds, subject to valid Bids being received at or above the Offer Price, and the remainder of the Net QIB Portion shall be available for allocation on a proportionate basis to all QIBs, including Mutual Funds, subject to valid Bids being received at or above the Offer Price. Further, not less than 15% of the Offer shall be available for allocation to Non-Institutional Investors ("Non-Institutional Portion") of which one-third of the Non-Institutional Portion shall be available for allocation to Bidders with an application size of more than ₹ 200,000 and up to ₹ 1,000,000 and two-thirds of the Non-Institutional Portion shall be available for allocation to Bidders with an application size of more than ₹ 1,000,000 and under-subscription in either of these two sub-categories of Non-Institutional Portion may be allocated to Bidders in the other sub-category of Non-Institutional Portion in accordance with the SEBI ICDR Regulations, subject to valid Bids being received at or above the Offer Price. Further, not less than 35% of the Offer shall be available for allocation to Retail Individual Investors ("Retail Portion"), in accordance with the SEBI ICDR Regulations, subject to valid Bids being received from them at or above the Offer Price. All Bidders (except Anchor Investors) shall mandatorily participate in this Offer only through the Application Supported by Blocked Amount ("ASBA") process and shall provide details of their respective bank account (including UPI ID (defined hereinafter) in case of UPI Bidders (defined hereinafter)) in which the Bid Amount will be blocked by the Self Certified Syndicate Banks ("SCSBs") or the Sponsor Bank(s), as the case may be. Anchor Investors are not permitted to participate in the Anchor Investor Portion through the ASBA process. For details, see ***"Offer Procedure"*** beginning on page 425.

Investments in equity and equity-related securities involve a degree of risk and investors should not invest any funds in this Offer unless they can afford to take the risk of losing their entire investment. Investors are advised to read the risk factors carefully before taking an investment decision in this Offer. For taking an investment decision, investors shall rely on their own examination of our Company and the Offer, including the risks involved. The Equity Shares in the Offer have not been recommended or approved by the Securities and Exchange Board of India ("SEBI"), nor does SEBI guarantee the accuracy or adequacy of the contents of this Draft Red Herring Prospectus. Specific attention of the investors is invited to ***"Risk Factors"*** on page 19 of the DRHP.

Any decision to invest in the Equity Shares described in the DRHP dated September 29, 2026 may only be taken after the Red Herring Prospectus (**"RHP"**) has been filed with the ROC and must be made solely on the basis of such RHP as there may be material changes in the RHP from the DRHP. The Equity Shares, when offered through the RHP, are proposed to be listed on the Stock Exchanges.

For details of the share capital and capital structure and the names of the signatories to the Memorandum of Association and the number of shares subscribed by them of the Company, please see the section titled ***"Capital Structure"*** on page 92 of the DRHP. The liability of the members of the Company is limited by their shares. For details of the main objects of the Company as contained in the Memorandum of Association, please see the section titled ***"History and Certain Corporate Matters"*** on page 237 of the DRHP.

BOOK RUNNING LEAD MANAGER TO THE ISSUE	REGISTAR TO THE ISSUE	COMPANY SECRETARY AND COMPLIANCE OFFICER
GRETEX **GRETEX CORPORATE SERVICES LIMITED** A-401, Floor 4th, Plot FP-616, (PT), Naman Midtown, Senapati Bapat Marg, Near Indiabulls, Dadar (W), Delisle Road, Mumbai - 400013, Maharashtra, India **Contact Person:** Mr. Pradip Agarwal/ Ms. Rishika Rander **Contact No.:** +91 022 69308500 **Email:** mbk@gretexgroup.com **Investor grievance e-mail:** info@gretexgroup.com **Website:** www.gretexcorporate.com **SEBI Registration No:** INM000012177 **CIN:** L74999MH2008PLC288128	MUFG **MUFG INTIME INDIA PRIVATE LIMITED** ***(FORMERLY LINK INTIME INDIA PRIVATE LIMITED)*** C-101, Embassy 247, L.B.S. Marg, Vikhroli (West), Mumbai 400 083, Maharashtra, India **Contact Person:** Shanti Gopalkrishnan **Contact No.:** +91 810 811 4949; **Email:** tenty.ipo@in.mpms.mufg.com **Investor Grievance Email:** tenty.ipo@in.mpms.mufg.com **Website:** www.in.mpms.mufg.com **SEBI Registration No.:** INR000004058 **CIN:** U67190MH1999PTC118368	Tenty **TENTY LIMITED** P-69, Kasba Industrial Estate, Phase - II, 2nd Floor, E.K.T. Kolkata - 700107, West Bengal, India **Contact Person:** Sunita Shah **Contact No.:** +91 9147111833 **Email:** cs@tentylimited.com **Website:** www.tentylimited.com **CIN:** U36991WB1997PLC085833 Investors can contact the Company Secretary and Compliance Officer, Book Running Lead Manager or Registrar to the Issue, in case of any pre issue or post issue related problems, such as non-receipt of letter of allotment, non-credit of allotted Equity shares in the respective beneficiary account, non-receipt of refund orders and non-receipt of funds by electronic mode etc.

All capitalized terms used herein and not specifically defined shall have the same meaning as ascribed to them in the DRHP.

For TENTY LIMITED
On behalf of the Board of Directors
Sd/-
SUNITA SHAH
Company Secretary and Compliance Officer

Place: Kolkata
Date: September 30, 2026

Disclaimer: **TENTY LIMITED** is proposing, subject to applicable statutory and regulatory requirements, receipt of requisite approvals, market conditions and other considerations, to make an initial public offering of its Equity Shares and has filed the DRHP dated September 29, 2026 with SEBI and the Stock Exchanges. The DRHP is available on the website of SEBI at www.sebi.gov.in, as well as on the websites of the Stock Exchanges i.e. BSE and NSE at www.bseindia.com and www.nseindia.com, respectively, on the website of the Company at www.tentylimited.com and on the website of the Book Running Lead Manager ("BRLM"), i.e. Gretex Corporate Services Limited at www.gretexcorporate.com. Any potential Bidders should note that investment in equity shares involves a high degree of risk and for details relating to such risk, see *"Risk Factors"* on page 19 of the DRHP. Potential Bidders should not rely on the DRHP filed with SEBI and the Stock Exchanges for making any investment decision and should instead rely on the RHP, when filed, for making investment decision.

This announcement is not an offer of securities for sale in the United States or elsewhere. The Equity Shares have not been, and will not be, registered under the U.S. Securities Act of 1933, as amended (**"U.S. Securities Act"**) or any state securities laws in the United States, and unless so registered, may not be offered or sold within the United States, or to, or for the account or benefit of, U.S. Persons (as defined in Regulation S under the U.S. Securities Act), except pursuant to an exemption from, or in a transaction not subject to, the registration requirements of the U.S. Securities Act and applicable U.S. state securities laws. The Company has not registered and does not intend to register under the U.S. Investment Company Act of 1940 ("Investment Company Act"). Accordingly, the Equity Shares are being offered and sold (i) to persons in the United States or to, or for the account or benefit of, U.S. persons, in each case that are both "qualified institutional buyers" as defined in Rule 144A under the U.S. Securities Act and "qualified purchasers" as defined under the Investment Company Act in transactions exempt from or not subject to the registration requirements of the U.S. Securities Act and in reliance on Section 3(c)(7) of the Investment Company Act and (ii) outside the United States to non-U.S. persons in offshore transactions in reliance on Regulation S under the U.S. Securities Act and the applicable laws of the jurisdictions where such offers and sales are made. There will be no public offering in the United States.

AdBaaz